



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৪৯.১৫-৪৮

তারিখঃ ২৩/০১/২০১৭ খ্রিস্টাব্দ।


বিষয়ঃ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের অনুমোদন।

- সূত্রঃ ১. উপপরিচালক, যশোরের স্মারক নং-৪৭.৬২.৪১.০০.১০০.০১৮.২৪৫.১৪-০৮ তারিখঃ ০১/০১/২০১৭ খ্রিঃ  
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর স্মারক নং-৪৭.৬২.৪১.২৩.১০৬.১৮.০০৫.১২.০৯৫ তারিখঃ ১৯/১২/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র প্রকল্পের আওতায় যশোর জেলার ঝিকরগাছা উপজেলার পায়রাডাঙ্গা দক্ষিণপাড়া মহিলা সমিতির একজন গ্রাজুয়েট সদস্য জনাব সেলিনা বেগম “মৎস্য খামার” আইজিএ এর উপর উদ্যোক্তা ঋণের জন্য একটি প্রকল্প প্রস্তাব দাখিল করেছেন। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ঝিকরগাছা, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর প্রকল্প প্রস্তাবটি সরেজমিনে পরিদর্শন পূর্বক ২০০০০০.০০ (দুই লক্ষ) টাকার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ প্রদানের সুপারিশ করেছেন এবং উপপরিচালক, বিআরডিবি, যশোর প্রস্তাবটি সুপারিশসহ অনুমোদনের জন্য প্রেরণ করেছেন।

উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে এবং বর্ণিত প্রকল্প প্রস্তাবের সার্বিক বিষয় বিবেচনা করে নিম্নোক্ত শর্তে ১০০০০০.০০ (এক লক্ষ) টাকার সম পরিমাণ উদ্যোক্তা ঋণ অনুমোদন করা হলোঃ

- ১। উদ্যোক্তা সদস্যকে প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের অবশিষ্ট অংশ নিজে নির্বাহ করতে হবে;
- ২। চাহিত ঋণের ন্যূনতম সমপরিমাণ মূল্যের স্থায়ী সম্পত্তি মরণেজ হিসেবে দাখিল করতে হবে;
- ৩। উদ্যোক্তা সদস্যের পরিবারের সদস্য নয় এরূপ এক জনের ঋণের জামিনদার হিসেবে সম্মতিপত্র দাখিল করতে হবে;
- ৪। ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তি পত্র সম্পাদান করতে হবে;
- ৫। উপপরিচালক, বিআরডিবি যশোরকে বর্ণিত ঋণের আদায় কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণসহ তদারকি করতে হবে;
- ৬। সাপ্তাহিক ভিত্তিতে ঋণ আদায় নিশ্চিত করতে হবে।

  
(প্রকৌশলী মেহাসিন আলম)  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।


উপপরিচালক  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
যশোর।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৪৯.১৫-

তারিখঃ ২৩/০১/২০১৭ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ ঝিকরগাছা, জেলাঃ যশোর। (উপপরিচালক, যশোর এর উপস্থিতিতে ঋণ বিতরণের জন্য অনুরোধ করা হলো)
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ ঝিকরগাছা, জেলাঃ যশোর।
- ৬। অফিস কপি।

  
(মোঃ হাবিবুর রহমান হাবিব)  
সহকারী পরিচালক (উন্নয়ন)  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা